



Ref সূত্র-২৪.০৪.০০০০.২০৫.২০.৫৪৪.১৮- ৩৩৯

Date ২০/০৭/২০১৮

দপ্তর আদেশ

সংস্থার ২২/০১/২০১৭ তারিখের দপ্তর আদেশ সূত্র নং-২৪.০৪.০০০০.২০৫.২০.৫৪৪.১৬/৪১ এর মাধ্যমে বোর্ড এন্ড কোং বিভাগের প্রাক্তন অফিস সহায়ক জনাব মোঃ আবুল খায়ের বেপারী এর জন্ম তারিখ ২৪/০১/১৯৫৮ হওয়ায় ৫৯ বৎসর পূর্তিহেতু ২৩/০১/২০১৭ তারিখ অবসর এবং ২৪/০১/২০১৭ হতে ০৭/১২/২০১৭ তারিখ পর্যন্ত ৩১৮ দিন পিআরএল প্রদান করা হয়। উক্ত দপ্তর আদেশ এর অনুবৃত্তিক্রমে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোক্তভাবে তার অবসরোত্তর পাওনাদি পরিশোধের অনুমোদন প্রদান করা হলো।

০২। জনাব মোঃ আবুল খায়ের বেপারী এর চাকুরীতে যোগদানের তারিখ ০২/০২/১৯৮০ হতে অবসর গ্রহণের তারিখ ২৩/০১/২০১৭ পর্যন্ত সংস্থার বাংলাদেশ জুট মিলস লিঃ ও প্রধান কার্যালয়ে কর্মরত ছিলেন।

০৩। দায়-দেনা :

জনাব মোঃ আবুল খায়ের বেপারী এর নামে কোন বিভাগীয় মামলা অমিমাংসিত নাই, অভ্যন্তরীণ নিরীক্ষা আপত্তি পাওয়া যায়নি, তবে বাণিজ্যিক নিরীক্ষা বিভাগের ছাড়পত্র মোতাবেক বিধি বহির্ভূতভাবে অধিকাল ভাতা প্রদানে ক্ষতি হিসাবে অসম্বিত অগ্রিম খাতে ৫২,৯৯৭.০০ টাকা সমন্বয়/কর্তনযোগ্য। হিসাব বিভাগের ছাড়পত্র মোতাবেক তার নিকট কোন অর্থ কর্তন/সমন্বয়যোগ্য নেই।

০৪। ছুটি নগদায়ন ও ল্যাম্প এনক্যাশমেন্ট :

জাতীয় বেতন স্কেল ২০১৫ এর অনুঃ ৯ এর উপ ২(খ) বিধান অনুযায়ী একজন কর্মচারীর নগদায়নযোগ্য ছুটি ১৮ (আঠার) মাস অর্থাৎ ৫৪৭ দিন। জনাব মোঃ আবুল খায়ের বেপারী চাকুরী কালীন সময়ে ২১০ (দুইশত দশ) দিন অর্জিত ছুটির নগদীকরণ সুবিধা ভোগ করেছেন। তার চাকুরী জীবনে (ভোগ ও নগদায়নকৃত ছুটি বাদ দিয়ে) অবশিষ্ট অর্জিত ছুটির পরিমাণ ৩১৮ দিন। উক্ত ৩১৮ দিন অবসরোত্তর ছুটি ভোগ করেন। ৩১৮ দিন অবসরোত্তর ছুটি প্রদানের পর অর্জিত ছুটি জমা না থাকায় কোন নগদীকরণ প্রাপ্য হবেন না। নিয়মানুযায়ী ল্যাম্প এ্যানক্যাশমেন্ট প্রাপ্য হবেন।

নগদায়নকৃত ছুটির তথ্য নিম্নরূপঃ

নগদায়ন এর তারিখ ও পত্র পৃঃ	মোট দিন	মূল বেতন	মন্তব্য
২৮/১২/১৯৮৩	৩০ দিন	২৬১/-	
১৫/০১/১৯৯০	৩০ দিন	৬৭৫/-	
১৩/১০/১৯৯২	৩০ দিন	১১৩৫/-	
০৮/০৮/১৯৯৮	৩০ দিন	১৯১০/-	
২৯/০৬/২০০০	৩০ দিন	২১৫০/-	
৩০/১২/২০০২	৩০ দিন	২৩১০/-	
০৭/০৮/২০১২	৩০ দিন	৬৯৭৫/-	
মোট	২১০ দিন		

০৫। জনাব মোঃ আবুল খায়ের বেপারী এর বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ প্রতি বছর জুলাই মাসের ০১ তারিখ (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী)। তিনি পিআরএল থাকাকালীন (২৪/০১/২০১৭ হতে ২৩/১২/২০১৭) ০১/০৭/২০১৭ তারিখে ০১টি স্বাভাবিক বেতন বৃদ্ধি প্রাপ্য। জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ০১/০৭/২০১৭ তারিখ ০১টি বার্ষিক বেতন বৃদ্ধিসহ মূল বেতন টাকা ১৪,৭২০.০০ টাকা নির্ধারণ করা হয়েছে, যা শুধু আনুতোষিক প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য।

০৬। জনাব মোঃ আবুল খায়ের বেপারী এর চাকুরীতে যোগদানের তারিখ ০২/০২/১৯৮০। ৫৯ বছর পূর্তিতে অবসর গ্রহণের তারিখ ২৩/০১/২০১৭। অবসরোত্তর ছুটি এক বছর (২৪/০১/২০১৭ হতে ২৩/১২/২০১৭) সহ মোট চাকুরীকাল ৩৭ বৎসর ১০ মাস ০৫ দিনের জন্য ৩৮ (আটত্রিশ) টি পূর্ণ বৎসরে তিনি ৩৮×২=৭৬টি মূলবেতনের সমপরিমাণ টাকা আনুতোষিক হিসেবে প্রাপ্য। সে মোতাবেক তিনি জাতীয় বেতন স্কেল/২০১৫ এর আওতায় সর্বশেষ মূল বেতন ১৪,৭২০.০০ টাকা হিসেবে (১৪,৭২০.০০×৭৬)= ১১,১৮,৭২০.০০ (এগার লক্ষ আঠার হাজার সাতশত বিশ) টাকা মাত্র আনুতোষিক হিসেবে প্রাপ্য।

অপর পৃঃ ৫ঃ



Ref
পূর্বপত্রঃ.....

Date

০৭। তবে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনাব মোঃ আবুল খায়ের বেপারীকে তার আনুতোষিক বাবদ প্রাপ্য অর্থ হতে কর্তনযোগ্য অর্থ বাদ দিয়ে নিম্নোক্তভাবে অবসরোত্তর পাওনাদি সংস্থার নিয়ম মোতাবেক পরিশোধ করতে হবেঃ

ক্রঃ নং	বিবরণ	টাকা
ক	সর্বশেষ ১টি বার্ষিক বেতন বৃদ্ধিসহ মূল বেতন ১৪,৭২০.০০ টাকা হিসেবে আনুতোষিক বাবদ প্রাপ্য (১৪,৭২০.০০×৭৬)=	১১,১৮,৭২০.০০
খ	বিধি বহির্ভূতভাবে অধিকাল প্রদানে ক্ষতি হিসাবে অসম্বিত অগ্রিম খাতে ৫২,৯৯৭.০০ টাকা সমন্বয়/কর্তনযোগ্য	(-)৫২,৯৯৭.০০
গ	আনুতোষিক বাবদ সর্বমোট চূড়ান্ত পরিশোধযোগ্য অর্থ	১০,৬৫,৭২৩.০০ (দশ লক্ষ পয়ষাট হাজার সাতশত তেইশ) টাকা।

০৮। জনাব মোঃ আবুল খায়ের বেপারী এর নামে ভবিষ্যতে কোন দায়-দেনার উদ্ভব হলে তিনি তা বহনে বাধ্য থাকবেন এ মর্মে সংস্থার নিয়ম মোতাবেক ৩০০/-টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা গ্রহণ করা হয়েছে যা কো-লেটারেল হিসাবে গণ্য হবে। অঙ্গিকারনামায় তার ব্যক্তিগত বৃত্তান্তসহ স্থাবর/অস্থাবর সম্পদের বিবরণ প্রদান করেছেন এবং সংশ্লিষ্ট কর্মচারী কর্তৃক করপোরেশনের সকল শাখা/বিভাগ হতে “নিঃদাবী সনদপত্র” গ্রহণ করা হয়েছে।

০৯। অবসর-উত্তর পাওনাদি পরিশোধের ক্ষেত্রে কোনক্রমেই জ্যেষ্ঠতা লংঘন করা যাবে না।

১০। এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো। ভবিষ্যতে এ সংক্রান্ত কোন ভুল ভ্রান্তি সংশোধনযোগ্য।

সংযুক্তি:-

- ১। অঙ্গিকার নামার ছায়ািলিপি।
- ২। বিভাগীয় ছাড়পত্রের ছায়ািলিপি।

(মোঃ শামীম রেজা খান)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা)

বিতরণ :

- ১। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), বিজেএমসি, ঢাকা।
- ২। জনাব মোঃ আবুল খায়ের বেপারী, প্রাক্তন অফিস সহায়ক (বোর্ড এন্ড কোং), বিজেএমসি, ঢাকা।

অনুলিপিঃ (নির্দেশক্রমে ই-মেইল যোগে প্রেরন করা হলো, জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাব্যবস্থাপক (এমআইএস), বিজেএমসি, ঢাকা। (সংস্থার ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ২। মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বিজেএমসি, ঢাকা।
- ৩। জ্যেষ্ঠ-উপ-প্রধান চিকিৎসা কর্মকর্তা, বিজেএমসি, ঢাকা।
- ৪। ব্যবস্থাপক (বোর্ড এন্ড কোং), বিজেএমসি, ঢাকা।
- ৫। বিভাগীয় প্রধান (বীমা), বিজেএমসি, ঢাকা।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের উপ-ব্যবস্থাপক, বিজেএমসি, ঢাকা।
- ৭। পরিচালক (অর্থ) মহোদয়ের এসিও, বিজেএমসি, ঢাকা।
- ৮। সচিব মহোদয়ের সহ-ব্যবস্থাপক, বিজেএমসি, ঢাকা।
- ৯। অফিস কপি /মাষ্টার ফাইল।